দৈনিক বাংলা

তারিখ ... 29-JAN 1995 ...
পৃষ্ঠা ১ কলাম ৭

## বিজ্ঞানের জন্য বারোশ' নম্বর লাগবে

# ঢাকা ভার্সিটি অনার্সে ভর্তি ঃ ১৮ ফেব্রুয়ারী থেকে ফরম দেয়া শুরু

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটির এক গুরুত্বপূর্ণ সভা শনিবার ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দিন আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় ১৯৯৪-৯৫ শিক্ষা বছরে বিশ্ববিদ্যালয়ে অনার্স প্রথম বর্ষে ভর্তি সংক্রান্ত বেশ কিছু সিদ্ধান্ত গৃহীত হয়। সংশ্লিষ্ট সূত্র থেকে জানা গেছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনার্স ভর্তির ফরম আগামী ১৮ ফেব্রুয়ারী থেকে ১৮ মার্চ পর্যন্ত দেওয়া হবে।

গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী এবার ভর্তি প্রক্রিয়ায় বেশকিছু পরিবর্তন করা হবে বলে সূত্র জানান। 'ক' বিভাগে (বিজ্ঞান) ভর্তির জন্য এসএসসি ও এইচএসসিতে মিলিয়ে ১২শ নম্বর লাগবে। গতবার এই বিভাগে ১১৭০ নম্বর ভর্তির জন্য প্রয়োজন ছিল।

'খ' (মানবিক) এবং 'গ' (বাণিজ্য) বিভাগে ভর্তির জন্য পূর্বের নম্বর অর্থাৎ ৯শ নম্বরই বহাল রয়েছে। এছাড়া এবারই প্রথম এসএসসি পরীক্ষার শতকরা ৩০ ও এইচএসসি পরীক্ষার শতকরা ৭০ নম্বর ভর্তি পরীক্ষায় গ্রহণ করা হবে। এর আগে

(৮-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর)

## ঢাকা ভার্সিটি অনার্সে ভর্তি

এসএসসিতে শতকরা ৪০ ও এইচএসসিতে শতকরা ৬০ নম্বর গ্রহণ করা হতো।

এসএসসি পরীক্ষা ও এইচএসসি পরীক্ষার সাম্প্রতিক বিভিন্ন বিষয় আলোচনা করে এই নতুন মার্ক বন্টন করা হয়েছে বলে সূত্র জানান।

ভর্তি পরীক্ষার নির্দিষ্ট তারিখ এখনও স্থির করা হয়নি তবে এপ্রিলের দ্বিতীয় সপ্তাহে পরীক্ষা অনুষ্ঠিত হবার সম্ভাবনা রয়েছে। জানা গেছে, পরীক্ষার তারিখ নির্ধারিত হবে বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের ডীনদের নিয়ে ভাইস চ্যান্সেলরের সভাপতিত্বে অপর এক বৈঠকে। এই বৈঠক খুব শীঘ্রই অনুষ্ঠিত হবে।

ভর্তির পরীক্ষার ফরম ঢাকা বিশ্ববিদ্যালয় টিএসসিতে অবস্থিত জনতা ব্যাংক, কার্জন হল সংলগ্ন অগ্রণী ব্যাংক, ঢাকা কলেজ গেট ও সায়েন্স ল্যাবরেটরী জনতা ব্যাংক শাখায় পাওয়া যাবে।

### ইসলামী ভার্সিটি

মিডিয়া সিন্ডিকেট জানায় ঃ ১৯৯৪-৯৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর পাঁচটি ইউনিটের অধীনে বারোটি বিভাগের ভর্তি পরীক্ষার নিয়ম পরিবর্তন করা হয়েছে। গত ২৩ জানুয়ারী ভর্তি কমিটির এক সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত মোতাবেক ১৯৯৩ ও ১৯৯৪ সালে যে সকল ছাত্রছাত্রী উচ্চ মাধ্যমিক অথবা সমমান অথবা ফাজিল পরীক্ষায় পাস করেছে এবং মাধ্যমিক, সমমান, দাখিল ও উচ্চ মাধ্যমিক, সময়ান, আলিম উভয় পরীক্ষায় অন্ততপক্ষে দ্বিতীয় বিভাগে অথবা যে কোন একটি পরীক্ষায় প্রথম বিভাগ এবং অন্যটিতে তৃতীয় বিভাগে পাস করেছে, শুধুমাত্র তারাই ভর্তির জন্য আবেদন করতে পারবে।

অপরদিকে 'খ' এবং 'গ' ইউনিটে ভর্তির জন্য বিজ্ঞান শাখার ছাত্রছাত্রীদের ১১০০ নম্বর এবং মানবিক ও বাণিজ্য শাখার ছাত্রছাত্রীদের ১০০০ নম্বর বাধ্যতামূলক করা হয়েছে (চতুর্থ বিষয়সহ)।

উল্লেখ্য, এবারই প্রথম লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে (সকল ইউনিটের জন্য প্রযোজ্য) এইচএসসি, সমমান পরীক্ষার প্রাপ্ত নম্বরের ৫% নম্বর যোগ করে চূড়ান্ত মেধা তালিকা প্রণয়ন করা হবে বলে ভর্তি কমিটি সূত্রে প্রকাশ। প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন ছাত্রছাত্রী একাধিক ইউনিটে আবেদন করতে পারবে। তবে 'ঙ' ইউনিট ছাড়া সকল ইউনিটে অগ্রাধিকার ভিত্তিতে বিষয়ের উল্লেখ করতে হবে।

সভায় আগামী ১ ফেব্রুয়ারী থেকে ১৫ ফেব্রুয়ারী পর্যন্ত আবেদনপত্র গ্রহণ এবং জমা দেয়ার তারিখ নির্ধারণ করা হয়েছে। প্রতি ইউনিটে ভর্তির আবেদনপত্রের মূল্য গতবারের চেয়ে ২০ টাকা বৃদ্ধি করে ১২০ টাকা করা হয়েছে।

আগামী মার্চের ১৯, ২০, ২১, ২২ এবং ২৩ তারিখে যথাক্রমে 'ক', 'খ', 'গ', 'ঘ' এবং 'ঙ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, গত শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষার এক আসনের জন্যে চব্বিশ জন প্রার্থী আবেদন করেছিল বলে ভর্তি কমিটি জানায়।